ইউএনও ওয়াহিদা খানমের উপর হামলার ঘটনায় আরও এক যুবক আটক

চেম্বার ডেস্ক:: দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউওনও) ওয়াহিদা খানমের ওপর হামলার ঘটনায় নবীরুল নামে আরেক যুবককে আটক করেছে র্যাব।

আজ শুক্রবার দুপুর ২ টায় ঘোড়াঘাট উপজেলা সংলগ্ন চক বামনদিয়া বিশ্বনাথপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত ব্যক্তির নাম নবীরুল ইসলাম (৩৮)। আটক নবীরুলকে রংপুর নিয়ে যাওয়া হচ্ছে বলে নাম প্রকাশে অনিচ্ছুক আইন প্রয়োগকারী সংস্থার এক কর্মকর্তা জানিয়েছেন।

এর আগে হামলার ঘটনায় জড়িত সন্দেহে শুক্রবার ভোরে ঘোড়াঘাট উপজেলা যুবলীগের আহ্বায়ক জাহাঙ্গীর হোসেন (৪০) ও কর্মী আসাদুল ইসলামকে (৩৬) আটক করা হয়। এছাড়া গতকাল বৃহস্পতিবার আহত ইউএনও ও তার বাবাকে উদ্ধারের পর পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য নৈশপ্রহরী নাহিদ হোসেন পলাশকে (২৬) নিয়ে যায়।

প্রসঙ্গত, গত বুধবার দিনগত রাত ৩টার দিকে উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত ইউএনও ওয়াহিদার বাসভবনের টয়লেটের ভেল্টিলেটর ভেঙে দুর্বৃত্তরা প্রবেশ করে। ইউএনও টের পেলে দুর্বৃত্তরা তাকে সরাসরি ধারাল অস্ত্র দিয়ে মাথায় আঘাত করে। এ সময় তার বাবা এগিয়ে এলে দুর্বৃত্তরা তাকেও আঘাত করে পালিয়ে যায়।

রাতেই রক্তাক্ত ইউএনওকে উদ্ধার করে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য সেখান থেকে রাজধানীর ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরো সায়েন্সেস অ্যান্ড হসপিটালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার রাতে ওয়াহিদা খানমের আড়াই ঘণ্টার জটিল অস্ত্রোপচার হয়। অস্ত্রোপচারের পর রাতেই জ্ঞান ফিরেছে। বর্তমানে স্থিতিশীল অবস্থায় রয়েছে ইউএনও ওয়াহিদা খানম।